

রাকসু নির্বাচনের তফসিল প্রকাশের তারিখ ঘোষণা

X

নিজস্ব সংবাদদাতা, রাবি

প্রকাশিত: ১৯:২১, ২৩ জুলাই ২০২৫



ছবি: দৈনিক জনকর্তা।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ ২৮ জুলাই নির্ধারণ করা হয়েছে। আজ দুপুরে রাকসু ভবনে নির্বাচন কমিশনের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

রাকসু নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. আমজাদ হোসেন স্বাক্ষরিত ঐ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'রাকসু নির্বাচন কমিশন ২০২৫-এর সিদ্ধান্তক্রমে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) এর নির্বাচনী তফসিল আগামী ২৮.০৭.২০২৫ তারিখ সোমবার বিকেল ৩:০০ টায় সিনেট ভবনে ঘোষণা করা হবে। রাবির ওয়েবসাইটে ঐ ঘোষণার পরে তফসিল পাওয়া যাবে।'

এর আগে দুপুরে নির্বাচন কমিশনের বৈঠক চলাকালীন রাকসু তফসিল ঘোষণার দাবিতে রাকসু ভবনের সামনে অবস্থান নেয় রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ইসলামি ছাত্র শিবিরের নেতৃবৃন্দ। ২৮ জুলাই রাকসু তফসিল ঘোষণার আশ্বাসে ছাত্রশিবির তাদের অবস্থান কর্মসূচি ২৮ জুলাই তারিখ পর্যন্ত স্থগিত করে। ২৮ তারিখ নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করতে ব্যর্থ হলে আবারো অবস্থান কর্মসূচিতে যাওয়ার ঘোষণা দিয়ে কর্মসূচি প্রত্যাহার করে নেন তারা।